# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 21 April, 2025

দলিত তরুণকে যৌন হেনস্থা এবং তার গায়ে প্রস্রাব করার অভিযোগ উঠেছে ভারতের রাজস্থানে।ঘটনাটি ঘটেছে রাজস্থানের সীকর জেলায়। ১৯ বছর বয়সি ওই তরুণকে লোহার রড দিয়ে মারধরও করা হয়েছে বলে অভিযোগ।শুধু তা-ই নয়, গোটা ঘটনার ভিডিও করা হয়।

ভারতীয় গণামাধ্যমের প্রতিবেদন মতে, রাজস্থানের ওই ঘটনায় 'উচ্চবর্ণের' দুই অভিযুক্তের বিরুদ্ধে মামলা করেছে পুলিশ।

জানা যায়, ঘটনাটি ঘটেছিল গত ৮ এপ্রিল।তবে ঘটনার পর ভয়ে থানায় অভিযোগ জানাতে পারেননি ওই তরুণ।চলতি সপ্তাহে তিনি স্থানীয় থানায় গিয়ে অভিযোগ দায়ের করেন।তার পরেই ঘটনার কথা প্রকাশ্যে আসে।

ওই দলিত তরুণের দাবি, ঘটনার দিন সন্ধ্যায় তিনি পরিবারের সঙ্গে গ্রামে একটি বিয়েবাড়িতে বরযাত্রীদের যাওয়া দেখছিলেন।সেই সময়েই 'উচ্চবর্ণের' দুই ব্যক্তি তার ওপর চড়াও হন। অভিযুক্তরা তার জাতপাত নিয়ে অশ্রাব্য মন্তব্য করতে থাকেন।অভিযোগ, এর পরেই তাকে পরনের পোশাক খুলতে বাধ্য করা হয় এবং যৌন হেনস্থা করা হয়।শেষে লোহার রড দিয়ে মারধর করে গায়ে প্রস্রাব করে দেয়া হয়।

এ ঘটনায় ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারায় মামলা করেছে পুলিশ।তফসিলি জাতি এবং জনজাতি আইনের আওতায় মামলা দায়ের হয়েছে।

এদিকে বিজেপিশাসিত রাজস্থানে দলিত তরুণের ওপর এই অত্যাচারের অভিযোগ প্রকাশ্যে আসতেই সমালোচনায় বিঁধতে শুরু করেছে কংগ্রেস।রাজস্থান বিধানসভার বিরোধী দলনেতা

তিকারাম জুল্লির বক্তব্য, ‘বিজেপি সরকারের আমলে দলিতদের ওপর অত্যাচার ক্রমশ বৃদ্ধি পাচ্ছে।সীকরে যা ঘটেছে, তা অতীতের সব সীমা ছাড়িয়ে গেছে।

যদিও শাসকদল বিজেপির দাবি, তাদের সরকার এই ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেবে।রাজস্থানে বিজেপির মুখপাত্র লক্ষ্মীকান্ত ভরদ্বাজ বলেন, ‘আমাদের সরকার এই ঘটনাগুলোকে গুরুত্ব দিয়ে দেখে।এই ঘটনার যথাযথ তদন্ত এবং অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেয়া হবে।

সূত্র: আনন্দবাজার

তরুণ যৌন হেনস্থা ভারত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:26

URL: https://www.timestodaybd.com/international/1175606160